দৈনিক
জনকণ্ঠ

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা ১৪ কলাম ২

# বেতন স্কেল বাস্তবায়ন দাবিতে বাকৃবির চার কার্যালয়ে তালা

**বাকৃবি সংবাদদাতা ॥** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে জাতীয় বেতন স্কেল ২০১৫ বাস্তবায়ন ও পদোন্নয়নের দাবিতে প্রশাসনিক ভবন, কোষাধ্যক্ষ কার্যালয়, কেন্দ্রীয় লাইব্রেরি ও প্রোজেক্ট অফিসে তালা ঝুলিয়ে দেয় অফিসার পরিষদ। রবিবার সকাল ৯ টার দিকে তারা একযোগে এসব কার্যালয়ে তালা ঝুলিয়ে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচী পালন করে। এতে বিশ্ববিদ্যালয়ের সকল প্রশাসনিক কার্যক্রম স্থবির হয়ে পড়ে।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার ও সমমান, ডেপুটি রেজিস্ট্রার ও সমমান, এডিশনাল রেজিস্ট্রার ও সমমান এবং বিভাগীয় প্রধানদের পদোন্নয়ন জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বাস্তবায়নের দাবিতে আন্দোলন করছে অফিসার পরিষদ। আন্দোলনের অংশ হিসেবে রবিবার সকালে ওই চার কার্যালয়ে তালা ঝুলিয়ে দেয়। এদিকে বিশ্ববিদ্যালয় প্রশাসন অফিসারদের পে-স্কেল বাস্তবায়নের জন্য সীড সায়েন্স বিভাগের অধ্যাপক ড. আবুল হোসেনকে প্রধান করে একটি কমিটি গঠন করে। ওই কমিটি রবিবার সকালে উপাচার্য বরাবর প্রতিবেদন জমা দেয়। রবিবার ১ টার দিকে বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা ও প্রক্টর কমিটির ওই প্রতিবেদন সম্পর্কে অফিসারদের অবগত করেন। এসময় প্রশাসনের পক্ষ থেকে বলা হয়, ওই কমিটি জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী অফিসারদের যৌক্তিক বেশ কিছু আন্দোলনের পক্ষে সুপারিশ করেছেন। কিন্তু অফিসার পরিষদ তাদের কথায় আশ্বস্ত না হয়ে তদন্ত প্রতিবেদন দেখতে কিংবা উপাচার্য ও উপ-উপাচার্যের কাছ থেকে সংশ্লিষ্ট বিষয়ে ঘোষণা দেয়ার দাবি করেন। আরও জানা গেছে, তদন্ত প্রতিবেদনে সুপারিশকৃত বিষয়গুলো উপাচার্য ব্যতীত অন্যদের জানার সুযোগ নেই। এছাড়া বিষয়টি সিন্ডিকেটের মাধ্যমে পাস করাতে হবে। এছাড়া তদন্ত প্রতিবেদন জমা দেয়ার পরও তাদের আন্দোলন চালিয়ে যাওয়া উদ্দেশ্যপ্রণোদিত বলে জানা গেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর